

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
অভ্যন্তরীণ নিরীক্ষা শাখা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

স্মারক নং-৩৭.০০.০০০০.০৮৭.১২.০৪৩.১৯-২৬

তারিখ: ১২ শ্রাবণ ১৪২৭  
২৭ জুলাই ২০২০

**বিষয়: কাকনহাট মহাবিদ্যালয়, গোদাগাড়ী, রাজশাহী এর পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদন এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ব্রডশিট জবাবের বিপরীতে মন্ত্রণালয়ের মতামত ও নির্দেশনা।**

সূত্র: (১) ৯৭/১১৮/অডিট/ক-৩/২০১৬/২৮; তারিখ: ০৯/১১/২০১৭ খ্রি. (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর হতে প্রাপ্ত)  
(২) ডিআইএ/রাজশাহী/৫০৩-সি/রাজ:৪০৩৩; তারিখ: ০৭/০২/২০১৬ খ্রি. (পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর হতে প্রাপ্ত)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপেক্ষিতে জানানো যাচ্ছে যে, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক বিগত ০১/০৮/২০১৫ খ্রি. রাজশাহী জেলার গোদাগাড়ী উপজেলাধীন কাকনহাট মহাবিদ্যালয়টি পরিদর্শন ও নিরীক্ষা করা হয়। পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদনে যে সকল সুপারিশ/মন্তব্য করা হয়েছে তার মধ্যে নিম্নবর্ণিত মন্তব্য/সুপারিশসমূহ তুলনামূলকভাবে অধিক গুরুত্বপূর্ণ প্রতীয়মান হয়েছে:

- ক. প্রতিষ্ঠানটিতে স্টক টেকিং পদ্ধতি চালু করতে হবে;
- খ. ফাইল রেজিস্টার, স্টক রেজিস্টার, ডিম্যান্ড ও রিসিপ্ট রেজিস্টার, ডেসপাচ রেজিস্টার, চেক রেজিস্টার, সাবসিডিয়ারী রেজিস্টার চালু করতে হবে;
- গ. ক্রয় কমিটি গঠন করতে হবে;
- ঘ. সকল আয়-ব্যয় ধারাবাহিকভাবে কমিটিতে উপস্থাপনপূর্বক অনুমোদন নিতে হবে;
- ঙ. প্রতিষ্ঠানের আর্থিক লেনদেন সব ক্ষেত্রে ব্যাংকের মাধ্যমে সম্পন্ন করতে হবে;
- চ. শ্রেণি কক্ষে শিক্ষকদের পাঠদান প্রতিষ্ঠান প্রধানকে নিয়মিত পর্যবেক্ষণ করতে হবে;
- ছ. প্রধান শিক্ষককে আয়-ব্যয় কর্মকর্তা হিসেবে নিয়মিত ক্যাশ বহিতে অনুস্বাক্ষর করতে হবে;
- জ. পর্যায়ক্রমে শিক্ষকদের সমন্বয়ে ০৩ সদস্য বিশিষ্ট অভ্যন্তরীণ নিরীক্ষা কমিটি গঠন করতে হবে;
- ঝ. প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক-কর্মচারীর নামে ভবিষ্যৎ তহবিল চালু করতে হবে।


০২। এমতাবস্থায়, উল্লিখিত বিষয়সমূহে কার্যকর ও যথাযথ ব্যবস্থা গ্রহণপূর্বক প্রতিটি বিষয়ে গৃহীত ব্যবস্থা সম্পর্কে সুনির্দিষ্ট ও সুস্পষ্টভাবে মন্ত্রণালয়কে অবহিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

**অধ্যক্ষ**

কাকনহাট মহাবিদ্যালয়, গোদাগাড়ী, রাজশাহী

**সদয় অবগতির জন্য অনুলিপি:**

- ১। পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩। উপপরিচালক (মাধ্যমিক/কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
- ৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল
- ৫। জেলা শিক্ষা অফিসার, রাজশাহী
- ৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গোদাগাড়ী, রাজশাহী
- ৭। চেয়ারম্যান, গভর্নিং বডি, কাকনহাট মহাবিদ্যালয়, গোদাগাড়ী, রাজশাহী
- ৮। অতিরিক্ত সচিব (নিরীক্ষা ও আইন) এর ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ৯। অফিস কপি।



(মোহা: লিয়াকত আলী)

উপসচিব

ফোন: ৯৫৪৬১০৭